## ৪৬তম বিসিএস (লিখিত) পরীক্ষা

**ধানসিঁড়ি**

**বিষয় কোড : ০০৫**
সময় : ৪ ঘণ্টা
পূর্ণমান : ২০০

**[দ্রষ্টব্য : প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]**

**নম্বর**

১. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ ছিল গণমানুষের সংগ্রাম– ব্যাখ্যা করুন। ২০

২. বাংলাদেশের প্রান্তিক কৃষকদের স্বনির্ভরতা অর্জন ও কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণের প্রতিবন্ধকতাসমূহ আলোচনা করুন। এ সকল প্রতিবন্ধকতা দূরীকরণে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? ব্যাখ্যা করুন। ২০

৩. বাংলাদেশে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার প্রতিবন্ধকতা ও প্রতিকার বিষয়ে একটি প্রবন্ধ লিখুন। ২০

৪. অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনের মধ্যে যোগসূত্র সম্পর্কে আলোচনা করুন। আপনি কি মনে করেন যে, শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধি সামাজিক বৈষম্য হ্রাসে সক্ষম? ২০

৫. বাংলাদেশের তৈরি পোশাক খাতে শ্রম আইনের প্রয়োগ ও শ্রমিক-মালিক সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করুন। ২০

৬. বাংলাদেশে পরিবেশগত অবক্ষয়ের মূল কারণসমূহ চিহ্নিত করুন। দেশের পরিবেশগত অবক্ষয় রোধে আপনি কী পদক্ষেপসমূহ প্রস্তাব করবেন? ২০

৭. বাংলাদেশের সমুদ্র সম্পদ আহরণ ও ব্যবহারের ক্ষেত্রে সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে আলোচনা করুন। ২০

৮. বৈদেশিক সম্পর্ক উন্নয়নে বর্তমান সময়ে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা করুন এবং ভবিষ্যতে এ সম্পর্ক কীভাবে আরও সুদৃঢ় করা যেতে পারে, তা আলোচনা করুন। ২০

৯. বাংলাদেশের আর্থসামাজিক ক্ষেত্রে রোহিঙ্গা সংকট কী ধরনের প্রভাব ফেলছে? এইরূপ সংকট থেকে উত্তরণের উপায় কী? ২০

১০. নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অর্জন ও প্রতিবন্ধকতাসমূহ ব্যাখ্যা করুন। ২০